গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী
স্থানীয় সরকার শাখা
www.rajbari.gov.bd



নম্বর ০৫.৩০.৮২০০.০০০.০১৮.১১.০০০১.২০২৬- ৮৪৮

তারিখ : ২৬ কার্তিক ১৪৩৩ / ২৭ অক্টোবর ২০২৬

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.১১.০০৮.২৬-১৫৭২, তারিখ: ০৭/০৭/২০২৬ খ্রি. মূলে জারিকৃত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এর অধীন ইউনিয়ন পরিষদসমূহের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে ২০২৬ সনের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য রাজবাড়ী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (https://dcrajbari.teletalk.com.bd ওয়েবসাইটে) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম	বেতন গ্রেড ও স্কেল	শূন্যপদের সংখ্যা	যোগ্যতা	মন্তব্য
১	ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা	১৪তম গ্রেড ২৩৫০০-৫৬৮০০	০৫ (পাঁচ)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-সহ স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সরকার কর্তৃক ৭৫% এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% হারে বেতন ভাতা প্রাপ্য হবেন

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই প্রেরণ করতে হবে:

১। ০১ নভেম্বর ২০২৬ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর এর মধ্যে থাকতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৩। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদ পূরণের ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকরি বিধিমালা, ২০১১ ও এতদ্ সংক্রান্ত যাবতীয় সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।

৪। চাকরির জন্য আবেদন আগামী ০৩/১১/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ৩০/১১/২০২৬ তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। **সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।**

৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মোতাবেক লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা সম্পর্কিত সর্বশেষ সরকারি নীতিমালা প্রযোজ্য হবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application formসহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/ উপস্থাপনযোগ্য সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির তালিকা নিম্নরূপ:

ক) শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্র;
খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
গ) জাতীয় পরিচয়পত্র ও অনলাইন জন্মনিবন্ধন সনদ;
ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম ও আইডিযুক্ত) প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
ঙ) কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র দাখিল করতে হবে;

bekarsfeed.com

চ) চাকরিরত প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৯। আবেদন গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১০। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে বা অসদুপায় অবলম্বন করা হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

১২। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এর ওয়েবসাইট www.rajbari.gov.bd এবং https://dcrajbari.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

১৩। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.rajbari.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। এছাড়াও নিয়োগ সংক্রান্ত তথ্যসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী ও রাজবাড়ী জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১৪। **অনলাইনে আবেদন পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ https://dcrajbari.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৩/১১/২০২৬ সকাল ১০:০০ টা

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০/১১/২০২৬ বিকাল ০৪:০০ টা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk Pre-paid Mobile নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য 300× প্রস্থ 300) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300× প্রস্থ 80) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 kB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kB হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে নিজে শতভাগ নিশ্চিত হবেন। Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত)/অনগ্রসর নাগরিকের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/-(বারো)/অনগ্রসর নাগরিকের ক্ষেত্রে ৬/- (ছয়) টাকাসহ মোট ১১২/- (একশত বারো)/৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

ফি জমা প্রদানের পদ্ধতি:

প্রথম SMS: DCRAJBARI<space>User ID লিখে 16222 নম্বরে send করতে হবে।

bekarsfeed.com

Example: DCRAJBARI ABCDEF & send to 16222.
Reply: Applicant's Name, Tk. 112/- or 56/- will be charged as application fee, Your PIN is XXXXXXXX To pay fee Type DCRAJBARI<space> Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: DCRAJBARI<space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: DCRAJBARI Yes 12345678 & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for DCRAJBARI Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ https://dcrajbari.teletalk.com.bd এবং জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এর ওয়েবসাইট (www.rajbari.gov.bd) এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:
DCRAJBARI<space>Help<space>User<space>UserID & send to 16222
Example: DCRAJBARI Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে:
DCRAJBARI<space>Help<space>PIN<space>PIN Number & send to 16222
Example: DCRAJBARI Help PIN 12345678 & send to 16222

(ঝ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে 121 নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dcrajbari@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। e-mail এর Subject-এ Organization Name: DCRAJBARI, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঞ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমন কি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

জেলা প্রশাসকের কার্যালয় রাজবাড়ী এর ওয়েবসাইটে প্রবেশের QR Code

জেলা প্রশাসকের কার্যালয় রাজবাড়ী এর টেলিটক পোর্টালে প্রবেশের QR Code

২৯/০৭/২০২৫

আফরোজা পারভীন
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন: ০২৪৭৮৮০৭৫৩৩
ই-মেইল: dcrajbari@mopa.gov.bd

bekarsfeed.com

নম্বর ০৫.৩০.৮২০০.০০০.০১৮.১১.০০০১.২০২৬-১৪৬(৯৩)

তারিখ : ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৪। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা
০৫। জেলা প্রশাসক (সকল)
০৬। পুলিশ সুপার, রাজবাড়ী
০৭। সিভিল সার্জন, রাজবাড়ী
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী
১০। প্রশাসক, রাজবাড়ী/পাংশা/গোয়ালন্দ পৌরসভা, রাজবাড়ী।
১১। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), রাজবাড়ী
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী
১৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), রাজবাড়ী
১৪। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা
১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,রাজবাড়ী (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১৬। জেলা তথ্য অফিসার, রাজবাড়ী
১৭। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, রাজবাড়ী
১৮। (ক) সম্পাদক, দৈনিক সমকাল পত্রিকা, ঢাকা
(খ) সম্পাদক, The Daily Star, ঢাকা
(গ) সম্পাদক, দৈনিক [illegible], রাজবাড়ী
১৯। অফিস কপি

বিজ্ঞপ্তিটি আগামী ০২/১১/২০২৬ তারিখের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ১৬" × ৪ কলাম পরিসরে শুধুমাত্র ১ (এক) দিনের জন্য প্রকাশ করে নিম্নস্বাক্ষরকারী বরাবর উক্ত পত্রিকার ০৫ (পাঁচ) টি কপিসহ বিল প্রেরণের জন্য অনুরোধসহ।

২৯/১০/২০২৬
জেলা প্রশাসক
রাজবাড়ী

bekarsfeed.com